



DHANANJOY KUMAR MONDOL

---

# MY BRITISH COUNCIL TALE

The British Council Bangladesh's Tell Your Tale Contest

---



নিভৃতপল্লীর প্রাইমারী ও মাধ্যমিকের গন্ডি পেরিয়ে যখন কলেজের আঙিনায় পর্দাপণ করি তখনই প্রথম কানে এল ব্রিটিশ কাউন্সিলের নাম। শুনলাম ব্রিটিশ কাউন্সিল ইংরেজি শেখার উপর কাজ করে। তখন মনে হত ব্রিটিশ কাউন্সিল শুধু শহর বা অভিজাত শ্রেণীদের নিয়ে কাজ করে। ভাগ্যের নির্মম পরিহাসে যাওয়া হল না বিশ্ববিদ্যালয় নামক সর্বোচ্চ বিদ্যাপীঠে আর ব্রিটিশ কাউন্সিল থাকল স্বপ্নের মত।

লেখাপড়া শেষ করে প্রবেশ করলাম জ্ঞান বিতরণের মহান রত নিয়ে শিক্ষা ক্ষেত্রে। হলাম প্রাইমারী স্কুল শিক্ষক। আবার শুনলাম ব্রিটিশ কাউন্সিল ভাষা শিক্ষার পাশাপাশি প্রশিক্ষণ প্রদান করে শিক্ষকদের। উন্নয়ন করে শিক্ষা দান পদ্ধতির। আর আধুনিক বিশ্বজনীন শিক্ষার সাথে পরিচয় ঘটিয়ে শিক্ষকের পেশাদারিত্বকে সমৃদ্ধ করে। অবশেষে Connecting Classroom প্রজেক্টে রেজিস্ট্রেশনের মাধ্যমে সংযোগ ঘটে ব্রিটিশ কাউন্সিলের সাথে। রেজিস্ট্রেশন পর্ব শেষ হতে না হতেই ব্রিটিশ কাউন্সিল ঢাকা অফিস থেকে টেলিফোন করা হল। আমি অভিভূত হলাম। এত সুন্দর যোগাযোগ ও প্রয়োজনীয় সাহায্য আমাকে মুগ্ধ করল। আমার আত্মবিশ্বাস বেড়ে গেল। কাজে নেমে পড়লাম। অনলাইনের কোর্সগুলো করলাম। নতুন অভিজ্ঞতা! কোর্সের মাধ্যমে অনেক নতুন ধারণা লাভ করেছি। সাথে সাথে বিদ্যালয়ে শিক্ষার্থীদের নিয়ে কয়েকটি নতুন গ্রুপ তৈরি করেছি। যাতে প্রশিক্ষণের জ্ঞান পাঠদানে ব্যবহার করছি। ইতিমধ্যে ডাক পড়ল Connecting Classroom ওরিয়েন্টেশন কোর্সে। সেখানকার আতিথেয়তা, যাওয়া ও থাকার ব্যবস্থা সর্বোপরি ব্রিটিশ কাউন্সিলের ব্যক্তিবর্গের চালচলন ও উপস্থাপন অভূতপূর্ব।

যুক্তরাজ্যের একটি জুনিয়র বিদ্যালয়ের সাথে কাজ করছি। শিশুরা অত্যন্ত খুশি। সাথে সাথে অভিভাবকবৃন্দরা অনেক খুশি। বিদ্যালয়ে বিভিন্ন বিষয়ের উন্নয়ন হতে দেখে বিদ্যালয়ের অনেক অভিভাবক প্রতিনিয়ত ধন্যবাদ জানাতে আসে। তাদের কথাবার্তায় ও আচরণে সন্তুষ্টির চিহ্ন দেখে নিজের কাছে খুব ভাল লাগে। পার্শ্ববর্তী অনেক বিদ্যালয়ের শিক্ষকরা এখন আমার বিষয়ে আগ্রহ প্রকাশ করে। সহকর্মীদের সহযোগিতা ও প্রধান শিক্ষিকার প্রেরণায় আমি এগিয়ে চলছি। সবশেষে বলা যায়, ব্রিটিশ কাউন্সিল আমাকে আমার উপজেলার একজন পরিচিত শিক্ষকে পরিণত করেছে।